# মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

সন্তোষ, টাঙ্গাইল-১৯০২।

ওয়েবসাইট: **www.mbstu.ac.bd**

তারিখ : ০১ আশ্বিন ১৪২৬ / ১৬ সেপ্টেম্বর ২০১৯

## ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (ইঞ্জি:/সম্মান), বি.বি.এ. ও বি.ফার্ম. প্রফেশনাল প্রোগ্রামে

# ভর্তি বিজ্ঞপ্তি

মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে A, B, C ও D ইউনিটসমূহে অন্তর্ভুক্ত বিভাগগুলোতে ৪ (চার) বছর মেয়াদি স্নাতক (ইঞ্জি:/সম্মান), বি.বি.এ. ও ৫ (পাঁচ) বছর মেয়াদি বি.ফার্ম. প্রফেশনাল প্রোগ্রামে ১ম বর্ষ ১ম সেমিস্টারে ভর্তি হতে ইচ্ছুক ছাত্র-ছাত্রীদের নিকট থেকে অনলাইনে আবেদন আহ্বান করা যাচ্ছে। ভর্তির আবেদন **mbstu-admission.org** ওয়েবসাইটের মাধ্যমে এবং আবেদন ফি বিকাশ (bKash)/রকেট ( রকেট )/শিওরক্যাশ (SureCash) মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে গ্রহণ করা হবে। **আবেদন ফি A, B, C ও D ইউনিটের প্রতিটির জন্য ৫৫০/- (পাঁচশত পঞ্চাশ) টাকা। আবেদন ফি ৫৫০/- (পাঁচশত পঞ্চাশ) টাকা ব্যতিত অন্য কোনো অতিরিক্ত ফি প্রদান করতে হবে না।**

**আবেদনের সময়সীমা: ২১ সেপ্টেম্বর ২০১৯ সকাল ০৯:০০ হতে ৩১ অক্টোবর ২০১৯ রাত ১১:৫৯ পর্যন্ত (যেকোনো দিন যেকোনো সময়)।**

ইউনিটভিত্তিক বিভিন্ন বিভাগের জন্য নির্ধারিত আসন সংখ্যা নিম্নরূপ:

| ইউনিট | বিভাগ | আসন সংখ্যা |
|---|---|---|
| A [ইঞ্জিনিয়ারিং অনুষদ] | কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) | ৫৫ |
| | ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি (আইসিটি) | ৫৫ |
| | টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং (টিই) | ৬০ |
| B [লাইফ সায়েন্স অনুষদ] | এনভায়রনমেন্টাল সায়েন্স এন্ড রিসোর্স ম্যানেজমেন্ট (ইএসআরএম) | ৫৫ |
| | ক্রিমিনোলজি এন্ড পুলিশ সায়েন্স (সিপিএস) | ৬০ |
| | ফুড টেকনোলজি এন্ড নিউট্রিশনাল সায়েন্স (এফটিএনএস) | ৫৫ |
| | বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং (বিজিই) | ৫৫ |
| | ফার্মেসি | ৩৫ |
| | বায়োকেমিস্ট্রি এন্ড মলিকুলার বায়োলজি (বিএমবি) | ৩৫ |
| C [সায়েন্স অনুষদ] | রসায়ন | ৫৫ |
| | গণিত | ৬০ |
| | পদার্থবিজ্ঞান | ৫৫ |
| | পরিসংখ্যান | ৬০ |
| D [বিজনেস স্টাডিজ অনুষদ] ও [সোস্যাল সায়েন্স অনুষদ] | হিসাববিজ্ঞান [বাণিজ্য শাখার জন্য ১৯, বিজ্ঞান শাখার জন্য ০৮ এবং মানবিক শাখার জন্য ০৩ জন] | ৩০ |
| | ব্যবস্থাপনা [বাণিজ্য শাখার জন্য ১৯, বিজ্ঞান শাখার জন্য ০৮ এবং মানবিক শাখার জন্য ০৩ জন] | ৩০ |
| | অর্থনীতি [বাণিজ্য শাখার জন্য ১৬, বিজ্ঞান শাখার জন্য ২২ এবং মানবিক শাখার জন্য ২২জন] | ৬০ |

## ১। ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের ন্যূনতম যোগ্যতা:

ক) ২০১৬ বা ২০১৭ সালে অনুষ্ঠিত এসএসসি/সমমান এবং ২০১৮ বা ২০১৯ সালে অনুষ্ঠিত এইচএসসি/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রীগণ আবেদন করতে পারবে। তবে আবেদনকারীর অবশ্যই উভয় পরীক্ষায় পৃথকভাবে **৪র্থ বিষয় ব্যতীত** ন্যূনতম জিপিএ ৩.০০ এবং সর্বমোট ন্যূনতম জিপিএ ৬.৫০ থাকতে হবে।

খ) বিজ্ঞান শাখা হতে উত্তীর্ণ ছাত্র-ছাত্রীগণ A, B, C ও D ইউনিটে এবং মানবিক শাখা ও বাণিজ্য শাখা হতে উত্তীর্ণ ছাত্র-ছাত্রীগণ শুধুমাত্র D ইউনিটে আবেদন করতে পারবে।

গ) A ইউনিটে ভর্তি হতে ইচ্ছুক প্রার্থীর এইচএসসি/সমমানের পরীক্ষায় পদার্থবিজ্ঞান ও গণিতে পৃথকভাবে ন্যূনতম জিপিএ ৩.০০ থাকতে হবে। B ইউনিটে ভর্তি হতে ইচ্ছুক প্রার্থীর এইচএসসি/সমমানের পরীক্ষায় রসায়ন ও জীববিজ্ঞানে পৃথকভাবে ন্যূনতম জিপিএ ৩.০০ থাকতে হবে। অধিকন্তু ফার্মেসি বিভাগে এবং বায়োকেমিস্ট্রি এন্ড মলিকুলার বায়োলজি বিভাগে ভর্তি হতে ইচ্ছুক প্রার্থীদের এইচএসসি/সমমানের পরীক্ষায় গণিতেও ন্যূনতম জিপিএ ২.০০ থাকতে হবে। C ইউনিটে ভর্তি হতে ইচ্ছুক প্রার্থীর এইচএসসি/সমমানের পরীক্ষায় রসায়ন, গণিত ও পদার্থবিজ্ঞানে পৃথকভাবে ন্যূনতম জিপিএ ৩.০০ থাকতে হবে।

ঘ) O-Level ও A-Level পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের GCE এর ক্ষেত্রে আই.জি.সি.এস.ই (O লেভেল) এ কমপক্ষে ৩টি বিষয়ে B গ্রেডসহ ৫টি বিষয়ে পাস এবং আই.এ.এল (A লেভেল) এ কমপক্ষে ২টি বিষয়ে B গ্রেডসহ ৩টি বিষয়ে পাস থাকতে হবে।

ঙ) ২০১৬ সালের পূর্বে এসএসসি/জিসিই O-Level/সমমান পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রীগণ আবেদন করতে পারবে না।

## ২। ভর্তির জন্য আবেদন করার নিয়মাবলী (শুধুমাত্র অনলাইনে আবেদন করা যাবে) :

**ক) এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ ছাত্রছাত্রীদের জন্য :**

(i) ওয়েবসাইটে (www.mbstu-admission.org) আবেদনকারীকে এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পাশের সাল, বোর্ড ও রোল নম্বর প্রদান করার পর যে সকল ইউনিটের শর্তাবলী পূরণ করে তা দেখানো হবে।

(ii) এরপর আবেদনকারীকে মোবাইল নম্বর দিয়ে Registration বাটনে ক্লিক করতে হবে। প্রদানকৃত মোবাইল নম্বরে আবেদনকারীকে SMS এর মাধ্যমে UserID ও Password প্রদান করা হবে।

(iii) সফলভাবে রেজিস্ট্রেশন করার পর ইউনিট সিলেক্ট করে বিকাশ/রকেট/শিওরক্যাশ মোবাইল ব্যাংকিং এর যে কোনো একটির মাধ্যমে নির্ধারিত আবেদন ফি (৫৫০ টাকা) প্রদান করে আবেদন করতে হবে।

(iv) এরপর ছবি ও স্বাক্ষর Upload করে Admit Card ডাউনলোড করতে হবে।

(v) একাধিক ইউনিটে আবেদন করার জন্য ইউনিট সিলেক্ট করে উপরোক্ত (iii) ও (iv) নম্বর ধাপ পুনরায় সম্পন্ন করতে হবে।

**খ) O-Level ও A-Level অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ বিদেশী ছাত্রছাত্রীদের জন্য :**

(i) অনলাইনে আবেদন ফরমটি যথাযথভাবে পূরণ করে Submit বাটনে ক্লিক করতে হবে।

(ii) **O-Level ও A-Level** এর ট্রান্সক্রিপ্টের স্ক্যান কপি আপলোড করতে হবে।

(iii) ট্রান্সক্রিপ্ট যাচাই বাছাই পূর্বক মোবাইলের SMS এর মাধ্যমে আবেদনের স্ট্যাটাস জানিয়ে দেয়া হবে।

(iv) আবেদনটি গৃহীত হলে মোবাইলে প্রাপ্ত UserID ও Password দিয়ে ওয়েবসাইটের মাধ্যমে লগইন করতে হবে।

(v) সফলভাবে রেজিস্ট্রেশন করার পর ইউনিট সিলেক্ট করে বিকাশ/রকেট/শিওরক্যাশ মোবাইল ব্যাংকিং এর যে কোনো একটির মাধ্যমে নির্ধারিত আবেদন ফি (৫৫০/-) টাকা প্রদান করতে হবে।

(vi) এরপর ছবি ও স্বাক্ষর Upload করে Admit Card ডাউনলোড করতে হবে।

(vii) একাধিক ইউনিটে আবেদন করার জন্য ইউনিট সিলেক্ট করে উপরোক্ত (v) ও (vi) নম্বর ধাপ পূনরায় সম্পন্ন করতে হবে।

**গ) বিকাশ এর মাধ্যমে আবেদন ফি প্রদান :**

ধাপ ০১: ইউনিট সিলেক্ট করার পর, আপনি যদি বিকাশ দিয়ে পেমেন্ট করতে চান তবে পেমেন্ট মেনু থেকে বিকাশ লগো যুক্ত মেনু সিলেক্ট করতে হবে।

ধাপ ০২: 'Pay With bKash' বাটন এ click করলে বিকাশ লগো সম্বলিত একটি উইন্ডো আসবে। আপনি যে বিকাশ নম্বর থেকে নির্ধারিত আবেদন ফি (৫৫০/-) টাকা পাঠাতে চান সেই নম্বরটি বিকাশ নম্বর এর ঘরে দিতে হবে। I agree to the terms and condition এর ঘরে টিক চিহ্ন দিতে হবে। এরপর 'Proceed button' এ click করলে আপনার মোবাইলে (যে মোবাইল এ বিকাশ নম্বরটি একটিভ আছে সে মোবাইলে) একটি verification কোড আসবে এবং উক্ত verification কোডটি নির্ধারিত স্থানে দিয়ে 'Proceed button' এ click করতে হবে। তারপর আপনার বিকাশ একাউন্ট এর পিন নম্বর দিয়ে 'Confirm' বাটনে click করলে আবেদন ফি ৫৫০/- টাকা কেটে নেয়া হবে।

এখানে লক্ষণীয় : আপনি যদি পরপর দুইবার ভুল পিন নম্বর দেন তাহলে আপনি পরবর্তী ৩০ মিনিটের মধ্যে আর বিকাশ দিয়ে পেমেন্ট করতে পারবেন না।

**ঘ) DBBL মোবাইল ব্যাংকিং রকেট ( ) এর মাধ্যমে আবেদন ফি প্রদান:**

আবেদনকারীকে নিজের ডাচ-বাংলা মোবাইল ব্যাংকিং রকেট একাউন্ট থেকে অথবা এজেন্টের রকেট একাউন্ট থেকে নির্ধারিত আবেদনটি ফি ৫৫০/- (পাঁচশত পঞ্চাশ) টাকা মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের Biller ID **1902** নম্বর এ জমা দিতে হবে।

**DBBL মোবাইল ব্যাংকিং রকেট ( ) এর মাধ্যমে টাকা জমাদানের প্রক্রিয়া নিম্নরূপ :**

ধাপ ০১: রকেট একাউন্টের মূল মেনুতে প্রবেশের জন্য ***322#** ডায়াল করতে হবে।
ধাপ ০২: মেনু থেকে **1** সিলেক্ট করে **Payment** অপশন অনুসরণ করতে হবে । আবার **1** সিলেক্ট করে **Bill Payment** অপশনে যেতে হবে।
ধাপ ০৩: নিজের একাউন্ট হলে **1** সিলেক্ট করুন অথবা অন্যের একাউন্ট হলে **2** সিলেক্ট করতে হবে।
ধাপ ০৪: Student এর মোবাইল নম্বর প্রদান করতে হবে। (**2** সিলেক্ট করলে)
ধাপ ০৫: Others (**0**) সিলেক্ট করতে হবে।
ধাপ ০৬: MBSTU বিলার আইডি **1902** টাইপ করতে হবে ।
ধাপ ০৭: ইউনিট সিলেক্ট করার পর স্ক্রিনে প্রাপ্ত **Bill Number** টি টাইপ করতে হবে ।
ধাপ ০৮: নির্ধারিত ফি (**550**) টাইপ করতে হবে ।
ধাপ ০৯: আপনার রকেট একাউন্টের পিন নম্বর প্রদান করতে হবে ।
ধাপ ১০: ফিরতি SMS এ DBBL (**16216**) হতে প্রাপ্ত TransactionID (TxnID) টি সংরক্ষণ করতে হবে ।
ধাপ ১১: Transaction ID website এর নির্ধারিত স্থানে দিয়ে Application Process টি নিশ্চিত করতে হবে।

**ঙ) শিওরক্যাশ এর মাধ্যমে আবেদন ফি প্রদান :**

ধাপ ০১: ইউনিট সিলেক্ট করার পর, আপনি যদি শিওরক্যাশ দিয়ে পেমেন্ট করতে চান তবে পেমেন্ট মেনু থেকে শিওরক্যাশ লোগো যুক্ত মেনু সিলেক্ট করতে হবে।

ধাপ ০২: আবেদন করার সময় আপনি যে শিওরক্যাশ ওয়ালেট থেকে পেমেন্ট করতে চান সেই মোবাইল নম্বরটি (শিওরক্যাশ ওয়ালেট নম্বর ১২ ডিজিট) নির্ধারিত ঘরে টাইপ করে 'Pay With Surecash' বাটনটি ক্লিক করতে হবে।

ধাপ ০৩: 'Pay With Surecash' বাটন এ ক্লিক করার ৩০ সেকেন্ডের মধ্যে আপনার শিওরক্যাশ ব্যবহৃত মোবাইলে একটি রিকোয়েস্ট যাবে, সেখানে আবেদন ফি বাবদ ৫৫০/- (পাঁচশত পঞ্চাশ) টাকা পেমেন্ট এর জন্য আপনার শিওরক্যাশ ওয়ালেটের পিন (গোপন নম্বর) নম্বরটি দেয়ার জন্য অনুরোধ পাঠানো হবে। আপনি যদি সঠিক পিন নম্বর দেন তাহলে আপনার একাউন্ট থেকে আবেদন ফি বাবদ ৫৫০/- (পাঁচশত পঞ্চাশ) টাকা কেটে নেয়া হবে এবং পেমেন্টটি সঠিকভাবে হয়েছে বলে গণ্য করা হবে। আপনাকে SMS এর মাধ্যমে আপনার নির্ধারিত ইউনিটে আবেদনের রোল নম্বর জানিয়ে দেয়া হবে।

**এখানে লক্ষণীয় :** ০১. আবেদন করার সময় আপনি যে শিওরক্যাশ ওয়ালেট থেকে পেমেন্ট করতে চান সে মোবাইলটি আপনার সাথেই রাখুন।

০২. আপনাকে পিন নম্বরটি ২(দুই) মিনিটের মধ্যে দিতে হবে। ২ (দুই) মিনিটের বেশি সময় অতিবাহিত হলে শিওরক্যাশ এর রিকোয়েস্ট বাতিল বলে গণ্য হবে। সেক্ষেত্রে আবার 'Pay With Surecash' বাটন চাপতে হবে এবং উল্লেখিত নিয়মে পেমেন্ট সম্পন্ন করতে হবে।

- **একাধিক ইউনিটে আবেদন করতে হলে উপরোক্ত নিয়মে অন্যান্য ইউনিটের জন্যও আবেদন ফি জমা দিতে হবে।**

**চ) প্রবেশপত্র (Admit Card) ডাউনলোড :**

(i) ওয়েবসাইটে **Admit download** মেনুতে ক্লিক করে সঠিক অপশনটি বাছাই করতে হবে।
(ii) প্রদর্শিত স্ক্রীনে আবেদনকারীর Mobile এ প্রদানকৃত UserID ও Password দিয়ে Login করতে হবে।
(iii) এবার আবেদনকারীর সদ্য তোলা এক কপি পাসপোর্ট সাইজের স্ক্যান করা রঙিন ছবি (ফাইল সাইজ 300 × 300 pixel কিন্তু 100 KB এর বেশী নয়) এবং স্ক্যান করা স্বাক্ষর (ফাইল সাইজ 80 × 100 pixel কিন্তু 60 KB এর বেশী নয়) আপলোড করতে হবে। অতঃপর **Download** বাটন এ click করে প্রাপ্ত Admit Card টি প্রিন্ট করে সংরক্ষণ করতে হবে। **Admit Card সংগ্রহের সর্বশেষ সময় ০৭ নভেম্বর ২০১৯ তারিখ রাত ১১:৫৯ পর্যন্ত।**

**একাধিক ইউনিটে আবেদন করে থাকলে প্রত্যেক ইউনিটের জন্য আলাদা Admit Card সংগ্রহ করতে হবে।**

**(ছ) সিটপ্ল্যান ও ফলাফল :**

পরীক্ষার তারিখ, সময় ও কেন্দ্রের নাম ইত্যাদি তথ্যসহ সিটপ্ল্যান এবং ভর্তি পরীক্ষার ফলাফল আবেদনকারীর মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে পর্যায়ক্রমে জানিয়ে দেয়া হবে। এছাড়া এসব তথ্য **mbstu@ac.bd, mbstu-admission.org** ওয়েবসাইট থেকেও জানা যাবে। ভর্তি পরীক্ষা সংক্রান্ত সময়সূচির কোন পরিবর্তন হলে তা দৈনিক সংবাদপত্র এবং ওয়েবসাইটের মাধ্যমে (**mbstu@ac.bd, mbstu-admission.org**) জানানো হবে।

**(জ) সতর্কতা :**

**একটি মোবাইল নম্বর ব্যবহার করে একাধিক ইউনিটে আবেদন করা যাবে। তবে ঐ একটি মোবাইল নম্বর দিয়ে একই ইউনিটে একাধিক আবেদন করা যাবেনা।**

**৩। পরীক্ষার দিন পরীক্ষার্থীর করণীয়:**

(ক) পরীক্ষার হলে পরীক্ষার্থীকে অবশ্যই দুই কপি (রঙিন) প্রবেশপত্র নিয়ে আসতে হবে ।
(খ) বৃত্ত ভরাটের ক্ষেত্রে অবশ্যই কালো কালির বলপয়েন্ট কলম ব্যবহার করতে হবে।
(গ) পরীক্ষার হলে মোবাইল ফোন, ক্যালকুলেটর, ঘড়ি বা অন্য কোনো ধরনের ইলেকট্রনিক কমিউনিকেশন ডিভাইস আনা সম্পূর্ণ নিষিদ্ধ।
(ঘ) পরীক্ষায় অংশগ্রহণকারী সকল পরীক্ষার্থীকে সঠিকভাবে শনাক্ত করার জন্য তাদের কানসহ মুখমন্ডল প্রয়োজন সাপেক্ষে অনাবৃত করতে হবে।
(ঙ) প্রতিবন্ধী পরীক্ষার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট ইউনিট প্রধানকে (কো-অর্ডিনেটর) পরীক্ষার ১ সপ্তাহ আগে অবহিত করতে হবে।

৪। **কোটা:**

মুক্তিযোদ্ধা/উপজাতি/পোষ্য কোটা বিভাগভিত্তিক এবং বিকেএসপি কোটা অনুষদভিত্তিক বিধিমোতাবেক সংরক্ষণ করা হবে। কোটায় উপযুক্ত প্রার্থী পাওয়া না গেলে উক্ত আসনসমূহ শূন্য থাকবে। মুক্তিযোদ্ধা/উপজাতি/পোষ্য/বিকেএসপি কোটায় আবেদনকারীগণকে ভর্তি পরীক্ষার উত্তরপত্রের নির্দিষ্ট স্থানে বৃত্ত ভরাট করে নিজ কোটায় আবেদন নিশ্চিত করতে হবে। বিকেএসপি কোটায় শুধুমাত্র বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি) থেকে এইচএসসি পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রীরা আবেদন করতে পারবে। কোটার স্বপক্ষে ভর্তিযোগ্য ছাত্র-ছাত্রীদেরকে উপযুক্ত সনদের কপি সাক্ষাৎকারের সময় দাখিল করতে হবে।

৫। **নম্বর বন্টন:**

ভর্তি পরীক্ষা **MCQ (Multiple Choice Questions)** পদ্ধতিতে অনুষ্ঠিত হবে। প্রতিটি ইউনিটে ২০০ নম্বরের মধ্যে মেধাক্রম নির্ধারণ করা হবে। তন্মধ্যে ১০০ নম্বরের **MCQ** (১০০ টি প্রশ্ন থাকবে) পদ্ধতিতে পরীক্ষা হবে এবং অবশিষ্ট ১০০ নম্বরের মধ্যে এসএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ হতে ৪০% (চতুর্থ বিষয়সহ) ও এইচএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ হতে ৬০% (চতুর্থ বিষয়সহ) গণনা করা হবে। প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ **(শূন্য দশমিক দুই পাঁচ)** নম্বর মোট প্রাপ্ত নম্বর থেকে কর্তন করা হবে। **উল্লেখ্য, ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র উচ্চ মাধ্যমিক পর্যায়ের সর্বশেষ পাঠ্যসূচি অনুযায়ী হবে।**

**A, B, C এবং D ইউনিটভিত্তিক ভর্তি পরীক্ষার নম্বর বন্টন:**

**A ইউনিট:**

| বিষয় | ইংরেজি | রসায়ন | পদার্থবিজ্ঞান | গণিত | |
|---|---|---|---|---|---|
| নম্বর | ১০ | ২০ | ৩৫ | ৩৫ | মোট = ১০০ |

**B ইউনিট:**

| বিষয় | ইংরেজি | রসায়ন | পদার্থবিজ্ঞান | জীববিজ্ঞান | |
|---|---|---|---|---|---|
| নম্বর | ১০ | ৩৫ | ২০ | ৩৫ | মোট = ১০০ |

**C ইউনিট:**

| বিষয় | ইংরেজি | রসায়ন | পদার্থবিজ্ঞান | গণিত | |
|---|---|---|---|---|---|
| নম্বর | ১০ | ৩০ | ৩০ | ৩০ | মোট = ১০০ |

**D ইউনিট: (বাণিজ্য শাখা হতে উত্তীর্ণদের জন্য)**

| বিষয় | ইংরেজি | ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা | হিসাববিজ্ঞান | |
|---|---|---|---|---|
| নম্বর | ৪০ | ৩০ | ৩০ | মোট = ১০০ |

**D ইউনিট: (বিজ্ঞান শাখা হতে উত্তীর্ণদের জন্য)**

| বিষয় | ইংরেজি | রসায়ন | পদার্থবিজ্ঞান | গণিত | রসায়ন, পদার্থবিজ্ঞান ও গণিত বিষয়ের যেকোনো ০২ টি বিষয় উত্তর দিতে হবে |
|---|---|---|---|---|---|
| নম্বর | ৪০ | ৩০ | ৩০ | ৩০ | মোট = ১০০ |

**D ইউনিট: (মানবিক শাখা হতে উত্তীর্ণদের জন্য)**

| বিষয় | ইংরেজি | বাংলা | অর্থনীতি | পৌরনীতি | অর্থনীতি ও পৌরনীতি বিষয়ের যেকোনো ০১ টি বিষয় উত্তর দিতে হবে |
|---|---|---|---|---|---|
| নম্বর | ৪০ | ৩০ | ৩০ | ৩০ | মোট = ১০০ |

A ইউনিটে ইংরেজিতে ন্যূনতম ০৩ নম্বর (৩০%) এবং পদার্থবিজ্ঞান ও গণিতে পৃথকভাবে ন্যূনতম ১৪ নম্বর (৪০%), B ইউনিটে ইংরেজিতে ন্যূনতম ০৩ নম্বর (৩০%) এবং রসায়ন ও জীববিজ্ঞানে পৃথকভাবে ন্যূনতম ১৪ নম্বর (৪০%), C ইউনিটে প্রত্যেক বিষয়ে ন্যূনতম ৩০% নম্বরসহ সর্বমোট ন্যূনতম ৪০% নম্বর পেতে হবে এবং D ইউনিটে ইংরেজিতে ন্যূনতম ১৬ নম্বর (৪০%) অবশ্যই পেতে হবে। সকল ইউনিটে লিখিত পরীক্ষার পাস নম্বর ন্যূনতম ৪০। **কোটায় আবেদনকারীদের ক্ষেত্রেও লিখিত পরীক্ষায় পাস নম্বর ন্যূনতম ৪০।**

১০০ নম্বরের প্রশ্নের উত্তরের জন্য ০১ ঘন্টা (৬০ মিনিট) সময় বরাদ্দ থাকবে, তবে পরীক্ষার্থীদেরকে পরীক্ষা শুরু হওয়ার ৩০ মিনিট পূর্বে অবশ্যই পরীক্ষার হলে উপস্থিত থাকতে হবে।

৬। **ভর্তি পরীক্ষার তারিখ ও সময়সূচি:**

| তারিখ ও বার | সময় | ইউনিট |
|---|---|---|
| ২২ নভেম্বর ২০১৯, শুক্রবার | সকাল ১০:৩০ হতে দুপুর ১২:০০ পর্যন্ত | A |
| | বিকাল ০৩:০০ হতে ০৪:৩০ পর্যন্ত | B |
| ২৩ নভেম্বর ২০১৯, শনিবার | সকাল ১০:৩০ হতে দুপুর ১২:০০ পর্যন্ত | C |
| | বিকাল ০৩:০০ হতে ০৪:৩০ পর্যন্ত | D |

ভর্তিসংক্রান্ত নিয়মনীতির যেকোনো পরিবর্তন, সংশোধন, সংযোজন ও পুনঃসংযোজনের অধিকার বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। ভর্তি পরীক্ষার আবেদনে কোনো তথ্য মিথ্যা বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে আবেদনটি সরাসরি বাতিল বলে গণ্য হবে। ভর্তি পরীক্ষায় উত্তীর্ণদের মেধাক্রম অনুযায়ী মৌখিক পরীক্ষার তারিখ ও সময় এবং ভর্তিকৃতদের ওরিয়েন্টেশন ক্লাশ শুরুর তারিখ ও সময় এবং ভর্তিসংক্রান্ত অন্যান্য বিজ্ঞপ্তি যথাসময়ে সংশ্লিষ্ট ডিন অফিসের নোটিশ বোর্ড এবং বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.mbstu.ac.bd) এর মাধ্যমে জানা যাবে।

৭। **ভর্তি রেজিস্ট্রেশন সংক্রান্ত অনুসন্ধান : (সকাল ০৯:০০ থেকে রাত ১০:০০ পর্যন্ত)**

| | | |
|---|---|---|
| ১। বিল নম্বর ও ট্রানজেকশন আইডি সংক্রান্ত | : | ০১৩১৬-০৮৯০৫১ |
| ২। ছবি, স্বাক্ষর, প্রবেশপত্র ও সিটপ্ল্যান সংক্রান্ত | : | ০১৩১৬-০৮৯০৫২ |
| ৩। UserID ও Password সংক্রান্ত | : | ০১৩১৬-০৮৯০৫৩ |
| ৪। অন্যান্য | : | ০১৩১৬-০৮৯০৫৪ |
| ৫। ই-মেইল | : | support@mbstu.ac.bd |
| ৬। ওয়েবসাইট (অনলাইন) | : | **mbstu-admission.org** |

**মোঃ মাকসুদুর রহমান**
ডেপুটি রেজিস্ট্রার (একাডেমিক) ও সদস্য-সচিব
কেন্দ্রীয় ভর্তি পরীক্ষা কমিটি ২০১৯-২০২০
ফোন : ০৯২১-৬২১২৮ (অফিস)